# খাদ্য আন্দোলনের শহিদদের স্মরণে বামফ্রন্ট ও এসইউসি

**উজ্জ্বল দত্ত, কলকাতা :** সোমবার রাজ্যজুড়ে ১৬টি বামপন্থী ও সহযোগী দলের পক্ষ থেকে খাদ্য আন্দোলনের শহিদদের শ্রদ্ধা জানানো হল। এদিন অবশ্য লকডাউন থাকায় অনুষ্ঠানে হাজির পার্টিকর্মীরা মাস্ক পরে ও সামাজিক দূরত্ব বজায় রেখেই কর্মসূচিতে যোগ দেন। প্রসঙ্গত, ১৯৫৯ সালের ৩১ আগস্ট খাদ্যের দাবিতে কলকাতার রাস্তায় মিছিল করার জন্য পুলিশের লাঠিচার্জে ও গুলিতে ৮০ জন মারা যান। এর পরের দিন ১সেপ্টেম্বর এই হত্যালীলার প্রতিবাদে বামপন্থী ছাত্র ও যুবরা মিছিল করেছিলেন। ওই মিছিলেও পুলিশের অত্যাচারে প্রাণহানি হয়। বামফ্রন্টের বক্তব্য, এখন এই লকডাউন ও করোনা পরিস্থিতিতে যেভাবে লোকে রোজগারহীন হয়ে পড়েছে ও খাদ্যাভাব দেখা দিচ্ছে তাতে ৬১ বছর পরে ফের ওই ঘটনা প্রাসঙ্গিক হয়ে উঠেছে। এই পরিস্থিতির জন্য কেন্দ্র ও রাজ্য উভয় সরকারের দিকে বামফ্রন্ট নেতৃত্ব আঙুল তুলেছে। এদিন লকডাউনের মধ্যে কোনো সভা না হলেও জেলায়-জেলায় বিচ্ছিন্নভাবে শহিদ দিবস পালন হয়। কলকাতায় বেলা ১১টা নাগাদ কেন্দ্রীয়ভাবে ১৬টি বামপন্থী দল






সুবোধ মল্লিক স্কোয়ারে শহিদ বেদি প্রাঙ্গণে একে-একে মালা দিয়ে শ্রদ্ধা জানান। প্রথমে শহিদ বেদিতে বিমান বসু মালা দেন। তিনি বলেন, 'আজকের দিনে সুবোধ মল্লিক স্কোয়ারে মালা দিয়ে শ্রদ্ধা জানানোর জন্য কলকাতা পুরনিগমের মেয়র পারিষদ (উদ্যান) দেবাশিস কুমারকে ফোন করে অনুমতি চাই। তার আগে প্রথামত চিঠি দিয়ে আবেদনও জানিয়েছিলাম। দেবাশিস কুমার আমাদের আশ্বস্ত করে বলেছিলেন, অসুবিধা হবে না। গেট খুলে দেওয়া হবে। এরপর আমরা কলকাতা পুলিশ কমিশনারের কাছে আজকের দিনের জন্য লিখিতভাবে অনুমতি চাই। আমাদের কমরেড জয়ন্ত বন্দ্যোপাধ্যায় সিপি হেডকোয়ার্টারের সঙ্গে কথা বলে জানিয়ে দেন আমরা বিধি নিষেধ মেনে চলি। এরপরও আজ গণ আন্দোলনের শহিদদের শ্রদ্ধা জানাতে এসে পুলিশের বাধার মুখে পড়ি। আমরা সবাই মাস্ক পরে ও সামাজিক দূরত্ব মেনেই শ্রদ্ধা জানাতে এসেছিলাম। অথচ ২৮ আগস্ট তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে সমাবেশ হয়েছে। রাজ্যে বিরোধীদের রাজনৈতিক কর্মসূচি হত্যা করতে চাইছে রাজ্যসরকার। যা চালু করেছে, তার তীব্র নিন্দা করছি। আমরা ১৬ পার্টির পক্ষ থেকে মাস্ক মুখে বেঁধে একজন করে গিয়ে শহিদ বেদিতে মালা দিয়েছি।'

অন্যদিকে, খাদ্য আন্দোলনের শহিদ দিবস পালনে রাজ্য সরকারের অসহযোগিতার বিরুদ্ধে এসইউসিআই(সি) প্রতিবাদ জানাল। দলের রাজ্য সম্পাদক চণ্ডীদাস ভট্টাচার্য জানান, '১৯৫৯ সালের ৩১ আগস্ট খাদ্যের দাবিতে যে মিছিল হয়েছিল, সেই মিছিলের ওপর সেসময়ের কংগ্রেসের সরকারের পুলিশ লাঠি চালিয়ে ৮০ জনকে হত্যা করে। ১৯৯০ সালের একইদিনে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি ও বাসভাড়া বাড়ার প্রতিবাদে আইন অমান্যকারীদের ওপর সিপিএম সরকারের পুলিশ গুলি চালিয়ে এসইউসি কর্মী মাধাই হালদারকে খুন করেছিল। এই ২টি ঘটনার প্রতিবাদে প্রতিবারই শহিদ দিবস পালন করা হয়। আগে থেকে জানানো সত্ত্বেও সরকার এদিন লকডাউন ঘোষণা করে। পুলিশ সুবোধ মল্লিক স্কোয়ারে যেখানে বেদি আছে তার গেট খোলেনি। তাই আমরা দলের পক্ষ থেকে বাইরে অস্থায়ী শহিদ বেদি তৈরি করে দলের কেন্দ্রীয় কমিটির সদস্য মানব বেরা মালা দেন। পরে অন্য দলকে সুবোধ মল্লিক স্কোয়ারের গেট খুলে মালা দিতে দেওয়া হয়েছে। এটা আমাদের বিস্মিত করেছে। রাণী রাসমনি রোডে মাধাই হালদারের শহিদ বেদিতে বিকেল ৩টে ২০ মিনিটে দলের তরফে মালা দেওয়া হয়েছে। রাজ্যের জেলায় জেলায় দলের সব দফতরে একইভাবে শহিদ বেদিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়। একইসঙ্গে ১৯৫৯ সালে ১সেপ্টেম্বর পুলিশের গুলিতে নিহত ছাত্রদের স্মরণে ছাত্র শহিদ দিবসকে রাজ্যসরকার কর্তৃক পুলিশ দিবস পালন করার তীব্র প্রতিবাদ জানাচ্ছি।'

# হাওড়ার সন্ধ্যাবাজার এলাকায় আগুন

**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** সোমবার লকডাউনের দুপুরে আগুন লেগে হাওড়ার সন্ধ্যাবাজারের জিটি রোড এলাকায় আতঙ্ক ছড়াল। এক বহুতল বিল্ডিংয়ের একতলায় থাকা কয়েকটি দোকান আগুনে ক্ষতিগ্রস্ত হয়। দমকলের ৪টি ইঞ্জিন প্রায় ২ ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। এই ঘটনায় ওই বহুতল বিল্ডিংয়ের বাসিন্দা সহ পাশের এক ডায়াগনস্টিক সেন্টারের কর্মীরা আতঙ্কিত হয়ে পড়েন। সকলেই বাইরে বেরিয়ে আসেন। ডায়াগনস্টিক সেন্টারের রোগীদের নীচে নামিয়ে আনা হয়। দুপুর প্রায় সওয়া ২টো নাগাদ আগুন নিয়ন্ত্রণে আসে বলে দমকল সূত্রে খবর। বহুতলের একতলায় রেস্টুরেন্ট, জুয়েলারি সহ পরপর কয়েকটি দোকান ছিল। লকডাউনে সব বন্ধ থাকায় সার্টার কেটে দমকল কর্মীদের ভেতরে ঢুকতে বেগ পেতে হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, রেস্টুরেন্টের ভেতর থেকেই প্রথমে আগুন জ্বলতে দেখা যায়। অনুমান করা হচ্ছে, গ্যাস



সিলিন্ডার থেকে বা শর্ট সার্কিট হয়ে আগুন লাগতে পারে। এই ঘটনায় রেস্টুরেন্টের পাশের ৪টি দোকানও ক্ষতিগ্রস্ত হয়। পুরো এলাকা ধোঁয়ায় ভরে যায়। ২টি আবাসনের মধ্যে দূরত্ব কম থাকায় পাশের আবাসনে যাতে আগুন না ছড়িয়ে পড়ে সেজন্য দমকল কর্মীরা তৎপর ছিলেন। পুলিশ ঘটনাটি খতিয়ে দেখছে।

# বালিতে বধূকে পুড়িয়ে মারার চেষ্টা, ধৃত শাশুড়ি

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** লকডাউনের জেরে কাজ বন্ধ থাকায় হাওড়ার বালির এক পরিবার আর্থিক অনটনের মধ্যে পড়েছিল। সেই অসন্তোষের জেরেই রবিবার রাতে রুমকি মুখোপাধ্যায় নামে গৃহবধূকে গায়ে কেরোসিন তেল ঢেলে পুড়িয়ে মারার চেষ্টার অভিযোগ উঠল স্বামী সহ শ্বশুরবাড়ির লোকের বিরুদ্ধে। গৃহবধূর বাড়ির অভিযোগের ভিত্তিতে শাশুড়িকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ জানিয়েছে, রুমকি মুখোপাধ্যায়কে আশঙ্কাজনক অবস্থায় কলকাতার আর জি কর হাসপাতালে ভরতি করা হয়েছে। স্বামী দিব্যেন্দুর বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের হলেও তিনিও আগুনে জখম হন। তিনি হাওড়া জেলা হাসপাতালে ভরতি। হাসপাতাল থেকে তাঁকে ছেড়ে দেওয়া হলে পুলিশ নিজেদের হেফাজতে নেবে বলে জানা গেছে। পুলিশ সূত্রে খবর, ৮ বছর আগে রুমকির সঙ্গে বালির ঘোষেস লেনের বাসিন্দা পেশায় জুটমিলের কর্মী দিব্যেন্দু মুখোপাধ্যায়ের বিয়ে হয়। তাঁদের ৮ বছরের এক ছেলে রয়েছে। লকডাউনের সময় জুটমিল টানা বন্ধ। তারই মধ্যে মাইনে না পাওয়ায় পরিবারে আর্থিক সঙ্কট দেখা যায়। এনিয়ে সংসারে অশান্তি চলে। ঘটনার দিন অশান্তি চরমে ওঠে। অভিযোগ, স্বামী, শাশুড়ি মিলে রুমকির গায়ে কেরোসিন তেল ঢেলে পুড়িয়ে মারার চেষ্টা করা হয়। তবে স্থানীয় সূত্রে জানা গেছে, স্ত্রীকে আগুনে পুড়তে দেখে তাঁকে বাঁচাতে গিয়ে স্বামী দিব্যেন্দুও জখম হন। তিনি সুস্থ হলে তাঁকেও পুলিশ জিজ্ঞাসাবাদ করবে। রুমকি মুখোপাধ্যায়ের বয়ান রেকর্ড করা হয়েছে। গৃহবধূর শাশুড়ি ও স্বামীর বিরুদ্ধে ৪৯৮এ/৩২৬/৩০৭ ধারায় মামলা রুজু করা হয়েছে।

# নিউটাউনে জুতো বিক্রির নামে চুরি করতে গিয়ে ধৃত

**নিজস্ব সংবাদদাতা, বিধাননগর :** বিহারে চুরির দায়ে ২জন ধরা পড়েছিল। পাটলিপুত্র থানা এলাকা থেকে পুলিশের হেফাজত থেকে কোনোভাবে পালিয়ে কলকাতায় এসে বাগুইআটির হাতিয়াড়া অঞ্চলে বাড়ি ভাড়া নিয়ে থাকছিল। জুতো বিক্রির নাম করে চুরির উদ্দেশ্যে নিউটাউনে গৃহস্থ বাড়ির খোঁজখবর জোগাড় করত। হাতিয়াড়া অঞ্চলের এক চুরির কিনারা করতে গিয়ে পুলিশ তাদের খোঁজ পায়। বিহারের বাসিন্দা বিকাশ কুমার ও ছোট্টু মাহাত নামে ওই ২জনকে ছাড়াও স্থানীয় হাতিয়াড়ার বাসিন্দা ছোট্টু দাস নামে আরেক চোরকেও ধরা হয়েছে। শনিবার রাতে তাদের ইকো পার্ক থানা গ্রেফতার করেছে। পুলিশ সূত্রে জানা গেছে, ২০১৮ সালে বিহারে ৩ লাখ টাকার চোরাই সোনা সহ ওই ২জন ধরা পড়ে। এরপর ওই থানার কর্মীদের নজর এড়িয়ে তারা চম্পট দেয়। কিছুদিনের মধ্যে ফের ২০ লাখ টাকার গয়না চুরি করে তারা কলকাতায় পালিয়ে আসে। হাতিয়াড়াতে আগে থেকে পরিচিত ছোট্টুর সাহায্যে বাড়ি ভাড়া নিয়ে থাকতে শুরু করে। প্লাস্টিক জুতো বিক্রি করার জন্য এলাকায় ঘুরে তারা রেইকি করত। যে বাড়ি ফাঁকা পেত সেখানে রাতের বেলায় চুরি করতে যেত। পুলিশ সূত্রে খবর, গত মাসে ইকোপার্ক থানা এলাকার ন'পাড়ার এক ফ্ল্যাটে চুরি হয়। ওই ঘটনায় ইকোপার্ক থানা ও বিধাননগর কমিশনারেটের গোয়েন্দা শাখার পুলিশ তদন্ত শুরু করে। ফ্ল্যাটের সিসিটিভি ফুটেজ দেখে ছোট্টু দাসকে তদন্তকারীরা শনাক্ত করেন । এরপর শনিবার রাতে ৩জনকে ধরা হয়।

# বারুইপুরে যুবকের আত্মহত্যা

**জয়িতা বন্দ্যোপাধ্যায়, বারুইপুর :** সোমবার সকালে বারুইপুর থানার পশ্চিম পাঁচগাছিয়ায় ঘরের দরজা ভেঙে পুলিশ প্রভাত মণ্ডল (৩১) নামে এক যুবকের ঝুলন্ত দেহ উদ্ধার করল। মৃতদেহ ময়নাতদন্তে পাঠিয়েছে। জানা গেছে, প্রভাত মধ্যমগ্রামে এক বেসরকারি সংস্থায় কাজ করতেন। বাড়িতে একাই ছিলেন। ১৫ বছর আগে বিয়ে হয়। স্ত্রীর সঙ্গে অশান্তির কারণে বারুইপুর আদালতে মামলাও চলছে। এজন্যই বারুইপুরের বাড়িতে এসেছিলেন। পুলিশের প্রাথমিক তদন্তে অনুমান, মানসিক অবসাদ থেকেই এই আত্মহত্যা। তদন্ত চলছে।



কলকাতা পুরনিগমের কর্মীরা লকডাউনের দিন সোমবার ৬৮নং ওয়ার্ডের কোঅর্ডিনেটর সুদর্শনা মুখোপাধ্যায়ের উদ্যোগে জীবাণুনাশক স্প্রে করছেন।

# জগদ্দলে কিশোর খুনে ধৃত শার্প শ্যুটার

**অলক ঘোষ, বারাকপুর :** মহরমের উৎসবে শামিল জগদ্দলের ৫ নং গলিতে কিশোর আব্দুল ওয়াকার খুনের ঘটনায় শার্প শুটার মহম্মদ তৌফিক ধরা পড়ল। জগদ্দলের এক গোপন আস্তানা থেকে রবিবার গভীর রাতে তদন্তকারী পুলিশ অফিসাররা তাকে গ্রেফতার করেছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, মহম্মদ তৌফিক ওই দুষ্কৃতীদের দলের অন্যতম শীর্ষ পাণ্ডা। উল্লেখ্য, শনিবার রাতে জগদ্দলের ৫ নং গলিতে মহরমের উৎসবে শামিল হয়ে বাজনা বাজানোর সময় বন্দুকধারী দুষ্কৃতীদের হামলায় স্থানীয় কিশোর আব্দুল ওয়াকার খুন হয়। এলাকাবাসীর অভিযোগ, ১৬ বছরের ওই ছাত্রকে মাথায় গুলি করে এই তৌফিক ও তার শাগরেদেরা খুন করে। এই খুনের ঘটনায় মূল পাণ্ডা হিসেবে মহম্মদ সাদ্দাম ও পঙ্কজের নাম উঠে আসে। তারা ঘটনার পর থেকেই পলাতক বলে জানা গেছে। ধৃত তৌফিককে পুলিশ নিজেদের হেফাজতে নিয়ে জেরা করছে। ধৃতকে জেরা করে পুলিশ খুনের ঘটনায় জড়িত অপরাধীকে দ্রুত গ্রেফতার করতে চাইছে। পুলিশ জানিয়েছে, ওই কিশোর খুনের ঘটনায় জড়িত কেউ ছাড়া পাবে না। অপরাধীরা প্রত্যেকে ধরা পড়বে। পুলিশ সঠিক পথে তদন্ত এগিয়ে নিয়ে যাচ্ছে। এলাকার বাসিন্দারা জানান, শনিবার রাতে বিনা কারণে ৫ নং গলিতে ঢুকে দুষ্কৃতীরা



তাণ্ডব চালিয়েছে। উৎসবের আনন্দে স্থানীয় বাচ্চারা যখন শামিল হয়েছিল, তখন নিরস্ত্র বাচ্চাদের ওপর দুষ্কৃতীরা গুলি চালায়। তাতেই আব্দুল ওয়াকারের প্রাণ যায়।

## রাজবাঁধে পথদুর্ঘটনায় জখম

**নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর :** সোমবার সকালে কাঁকসা থানার অন্তর্গত রাজবাঁধে ২ নং জাতীয় সড়কের ওপর ট্রাক আর স্করপিওর মধ্যে ধাক্কায় গুরুতর জখম হন স্করপিও চালক। কাঁকসা থানার পুলিশ তাঁকে উদ্ধার করে রাজবাঁধের এক বেসরকারি হাসপাতালে ভরতি করে। গাড়ি আটক।

# কলকাতায় ৬ জনের দেহে দ্বিতীয়বার করোনা সংক্রমণ, উদ্বেগে পুরনিগম

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** ভারতে রোজই করোনাভাইরাসের দ্বিতীয় সংক্রমণের ঘটনা সামনে আসছে। এরমধ্যে কলকাতায় একই ওয়ার্ডে একাধিক ঘটনায় চিন্তিত পুরনিগমের আধিকারিক থেকে ডাক্তার ও বিশেষজ্ঞরা। কারণ, ১০১ নং ওয়ার্ডে অন্তত ৬ জনকে করোনামুক্ত ঘোষণার পরও ফের তাঁদের দেহে করোনাভাইরাসের অস্তিত্ব মিলেছে। তাঁরা কি ফের আক্রান্ত হয়েছেন, নাকি পরীক্ষা পদ্ধতিতে গলদ ছিল, তা জানতে এখন তদন্ত শুরু হয়েছে। ভাইরাসমুক্তির পর ফের করোনায় আক্রান্ত হওয়ার ঘটনা বিরল নয়। কিন্তু একই ওয়ার্ডে ৬ জনের ক্ষেত্রে এমনটি ঘটা সম্ভব নয় বলে দাবি বিশেষজ্ঞদের। তাই বিষয়টি নিয়ে তাঁরা চিন্তিত। আক্রান্তদের প্রায় সকলেরই সংক্রমণ ধরা পড়ে আগস্টের প্রথমে। কেউ হাসপাতালে ভরতি ছিলেন, কাউকে আবার হোম আইসোলেশনে রাখা হয়েছিল। এর মধ্যে ১৭ বছরের ১ তরুণের তো কোনো উপসর্গই ছিল না। ১৪ দিন পর তাঁকে বিনা পরীক্ষাতেই করোনামুক্ত বলে ডাক্তার ঘোষণা করে দেন। তার পর নিজের উদ্যোগে তিনি পরীক্ষা করান। তাতে তাঁর দেহে করোনাভাইরাসের উপস্থিতি ধরা পড়ে। ওই ৬ জন রোগীর একজনের সঙ্গে আরেকজনের কোনো যোগাযোগ নেই। প্রত্যেকের চিকিৎসা হয়েছে আলাদা হাসপাতালে। এমনকী পরীক্ষাও হয়েছে আলাদা পরীক্ষাগারে। আর সবক'টি পরীক্ষাই হয়েছে ভাইরাস সনাক্তকরণের গোল্ড স্ট্যান্ডার্ড বলে পরিচিত আরটি-পিসিআর পদ্ধতিতে। সুস্থ হয়ে ওঠা ব্যক্তির দেহে কেন ফের করোনার অস্তিত্ব মিলছে, তা নিয়ে ডাক্তাররা বেশ চিন্তিত। তাঁরা মানুষের দেহে অ্যান্টিজেনের কার্যকারিতা নিয়েও সন্দিহান। তাই তাঁরা করোনামুক্ত হলেও সাবধানতা অবলম্বনের পরামর্শ দিচ্ছেন।

# হাওড়ায় হনুমান ও সাপ উদ্ধার

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** শনিবার হাওড়ার সাঁকরাইলের রঘুনাথপুর থেকে ১টি হনুমানকে উদ্ধার করে বনদফতরের কর্মীরা। হনুমানের আক্রমণে আতঙ্কিত বাসিন্দারা বন দফতরে খবর দেন। এরপরই বনদফতরের কর্মীরা তাকে উদ্ধার করেন। অন্যদিকে, ডোমজুড়ের বদ্যিপাড়া থেকে প্রায় ৫ ফুট লম্বা ১টি কেউটে সাপ উদ্ধার হয়। বনদফতরের কর্মীরা সাপটিকে উদ্ধার করেন।

# পশ্চিম বর্ধমানে করোনা

**নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর :** সোমবার সকাল পর্যন্ত দুর্গাপুর লাগোয়া মলানদিঘির কোভিড সনোকা হাসপাতালে ১৮৭জন করোনা রোগী ভরতি। মহকুমা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে এদের মধ্যে লেভেল-থ্রী সংক্রমিত রোগী হচ্ছেন ১৪১ আর লেভেল- ফোর ৪৬জন। আর ৩১জন অক্সিজেনের সাহায্যে রয়েছেন।

# দুর্গাপুরে ঠিকা কর্মীর মৃত্যু

**নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর :** সোমবার সকালে দুর্গাপুর ইস্পাত কারখানার ঠিকা কর্মী সাবির আলি (৫২) প্রাতঃরাশ করার সময় গলায় খাবার আটকে মারা গেলেন। তিনি কারখানার বেসিক অক্সিজেন ফার্নেস বিভাগে পিয়ারসেন বলে এক ঠিকাদার কোম্পানির হয়ে কাজ করছিলেন। তাঁকে প্লান্ট মেডিক্যালে নিয়ে যাওয়া হয়। পরে জ্ঞান ফিরলে দুর্গাপুর ইস্পাত কারখানার মেন হাসপাতালে পাঠানো হয়। সেখানে কয়েকটি ওষুধও ওই ঠিকা কর্মীকে দেওয়া হয়। তাতেও তাঁর শারীরিক অবস্থার অবনতি হতে থাকে। খানিক পরেই ডাক্তাররা সাবির আলিকে মৃত বলে জানান।

# পূর্ব বর্ধমানে কিছু নতুন রাস্তা তৈরি হবে

**বিপুন ভট্টাচার্য, বর্ধমান :** বিধানসভা ভোটের আগে পূর্ব বর্ধমান জেলা পরিষদ জেলার প্রায় ২৩টি ব্লকে আরো কিছু নতুন রাস্তা তৈরির কাজ হাতে নিতে চলেছে। মুখ্যমন্ত্রীর নির্দেশে সোমবার জেলার ৯৫কিমি রাস্তার রিপোর্ট পাঠিয়ে দেওয়া হয়। মুখ্যমন্ত্রীর নির্দেশ পাওয়ার পরই জেলা পরিষদের সভাধিপতি শম্পা ধাড়া, সহকারী সভাধিপতি দেবু টুডু, পূর্ত কর্মাধ্যক্ষ উত্তম সেনগুপ্ত দফায় দফায় ওইসব রাস্তার কাজ পরিদর্শন করেন। এসআরডি দফতরের ওই ৯৫কিমি রাস্তার পাশাপাশি এবার জেলা জুড়ে প্রতিটি ব্লকে ৫ কিমি ও তার বেশি আরো বেশ কিছু রাস্তার পরিকল্পনা তৈরি হল। জানা গেছে, সম্প্রতি পঞ্চায়েত দফতর থেকে পূর্ব বর্ধমান জেলা পরিষদকে প্রতিটি ব্লক থেকে ৫ কিমি বা তার বেশি বড়ো নতুন রাস্তার পরিকল্পনা চাওয়া হয়। তারই ভিত্তিতে জেলা পরিষদ কর্তৃপক্ষ চটপট প্রায় ৭৫০ কিমি নতুন রাস্তার প্রস্তাব পাঠিয়ে দিল। সবকিছু ঠিক থাকলে পঞ্চায়েত দফতর বিধানসভা ভোটের আগেই নতুন করে বেশ কিছু রাস্তার অনুমোদন দেবে। নতুন করে যেসব রাস্তার প্রস্তাব দেওয়া হয়েছে, তা ২০২৪ সালের মধ্যে শেষ করা হবে।

**পূর্ব রেলওয়ে**

টেন্ডার বিজ্ঞপ্তি নং : ইএল/এইচডব্লুএইচ/২৫/২১ (নোটিস)/৪১২, তারিখ : ২৬.০৮.২০২০। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া নিম্নলিখিত বৈদ্যুতিক কাজের জন্য ওপেন টেন্ডার আহ্বান করছেন। টেন্ডার নং : ইএল/এইচডব্লুএইচ/২৫/২১/৩০৯৮। কাজের নাম: ৩৬ মাসের জন্য হাওড়া অর্থোপেডিক হাসপাতালে স্কাডা প্রণালী সহ সংশ্লিষ্ট যন্ত্রপাতি সহ প্রতিটি ১৮০ টিআর ক্ষমতাসম্পন্ন ৩টি সেন্ট্রাল এসি প্লান্টের সামগ্রিক রক্ষণাবেক্ষণ চুক্তি । টেন্ডার মূল্যমান: ২৯,৮৬,১৩২ টাকা। বায়নামূল্য: ৫৯,৭০০ টাকা। বন্ধের তারিখ ও সময়: ২২.০৯.২০২০ তারিখ দুপুর ৩টে। টেন্ডারের বিস্তারিত বিবরণ www.ireps. gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাঁদের অফার জমা করাতে টেন্ডারদাতাদের অনুরোধ করা হচ্ছে। (HWH-101/2020-21)

ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

# নিউ বারাকপুরে শুনশান রাস্তাঘাট

**অলক আচার্য, নিউ বারাকপুর :** সোমবারের লকডাউনেও পুলিশকে কড়া ভূমিকায় দেখা গেল। এদিন নিউ বারাকপুরের রাস্তাঘাট শুনশান ছিল। দোকানপাট, বাজার যানবাহন কিছুই চলেনি। গুরুত্বপূর্ণ রাস্তার মোড়ে পুলিশের কড়া নজরদারি ও নাকা চেকিং ছিল। অপ্রয়োজনে যারা রাস্তায় বেরোয় তাদের বিরুদ্ধে পুলিশ কঠোর ব্যবস্থা নেয়। তবে পুরসভার জরুরি পরিষেবা ২৪ ঘণ্টা চালু ছিল। পুরসভার উদ্যোগে সোমবার সকালে স্থানীয় শক্তি সংঘের দ্বিতল ভবনে বিনামূল্যে র‍্যাপিড অ্যান্টিজেন টেস্ট ও আরটি পিসিআর টেস্ট হয়। পুরসভার করোনা নোডাল অফিসার দেবপ্রসাদ রাহা জানান, 'পুরসভার কোভিড টিম শহরে ভালো কাজ করছে। ৩০৩ জন আক্রান্তের মধ্যে ২২২ জন করোনাজয়ী। সক্রিয় রোগী ৬৫জন। এর মধ্যে সেফ হোমে ১০জন আছেন। সুস্থতার হার ভাল। ১৬জন মারা গেছেন।

# করোনায় পুরনিগমের ডাক্তারের মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** রবিবার সকালে কলকাতা পুরনিগমের কার্যনির্বাহী স্বাস্থ্য আধিকারিক রকিবুদ্দিন আহমেদ বাইপাসের ধারে এক বেসরকারি হাসপাতালে করোনায় মারা গেলেন। তিনি পুরনিগমের বোরো ১৫'র দায়িত্বে ছিলেন। পুরনিগম সূত্রের খবর, ২ সপ্তাহ আগে তিনি বেলেঘাটা আইডি হাসপাতালে ভরতি হন। সেখান থেকে তাঁকে ওই বেসরকারি হাসপাতালে পাঠানো হয়। তাঁর মৃত্যুতে ফিরহাদ হাকিম শোক প্রকাশ করেন। এ নিয়ে কলকাতা পুরনিগমের ২ জন ডাক্তার করোনায় আক্রান্ত হয়ে মারা গেলেন।

# পানাগড়ে মৃতদেহ উদ্ধার

**সুবীর রায়, দুর্গাপুর :** সোমবার সকালে পশ্চিম বর্ধমান জেলার পানাগড়ে রেল লাইনের ধার থেকে এক অজ্ঞাত পরিচয় ব্যক্তির মৃতদেহ উদ্ধার হয়। প্রত্যক্ষদর্শীদের মতে, মৃত ব্যক্তি স্থানীয় বাসিন্দা। সোমবার সকালে স্থানীয়রা রেললাইনের পাশ দিয়ে যাওয়ার সময় মৃতদেহ পড়ে থাকতে দেখে বুদবুদ থানায় খবর দেয়। পুলিশ তদন্ত করছে।

**MLD বাতেলি টী কোম্পানী লিমিটেড**

CIN NO : L40100WB1919PLC003227

রেজিস্টার্ড অফিস : ১৩০, কটন স্ট্রীট, কলকাতা - ৭০০০০৭

ফোন : ৯১ ৩৩ ৪০১৭ ৬৯০০, ই-মেল : kolkata@mldgroup.in, ওয়েবসাইট : www.mldalmiagroup.com

**১০১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি**

প্রিয় সদস্য,

ক) বার্ষিক সাধারণ সভা

এতদ্বারা জানানো হচ্ছে যে, কোম্পানীর সদস্যদের ১০১তম বার্ষিক সাধারণ সভা (এ জি এম), মঙ্গলবার ২৯ সেপ্টেম্বর, ২০২০ দুপুর ১২.৩০ টায় ২৮.০৮.২০২০ তারিখের এজিএম-এর বিজ্ঞপ্তিতে ঘোষিত ব্যবসায়িক কার্যকলাপ সম্পাদনের জন্য ভিডিও কনফারেন্সিং (ভিসি) বা অন্যান্য অডিও ভিস্যুয়াল মাধ্যম (ওএভিএম)-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। কর্পোরেট বিষয়ক মন্ত্রক ও সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) দ্বারা জারি সার্কুলার অনুযায়ী একটি নির্দিষ্ট জায়গায় সদস্যরা সরাসরি উপস্থিত না থেকে ভিসি / ওএভিএম-এর মাধ্যমে ১০১তম এজিএম অনুষ্ঠিত করতে পারবেন।

১০১তম এজিএম-এর বিজ্ঞপ্তি সহ বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী, ৩১.০৩.২০২০ তারিখে সমাপ্ত আর্থিক বছরের অডিটরের ও বোর্ড অফ ডিরেক্টরের প্রস্তুত করা রিপোর্ট (একত্রে বার্ষিক রিপোর্ট নামে উল্লেখ করা হচ্ছে) কোম্পানী / ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে নথিভুক্ত ই-মেল আইডিতে সদস্যদের পাঠানো হয়েছে। তবে যেসব সদস্য কোম্পানী / ডিপি-এর কাছে ই-মেল আইডি নথিভুক্ত করাননি তারা এজিএম-এর বিজ্ঞপ্তি ও বার্ষিক রিপোর্ট কোম্পানীর ওয়েবসাইট www.mldalmiagroup.com ও ক্যালকাটা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.cse-india.com থেকে ডাউনলোড করতে পারেন। কোম্পানী / ডিপি-এর কাছে যেসব সদস্যের ই-মেল আইডি নথিভুক্ত নেই তারা kolkata@mldgroup.in-এ ই-মেল করে ই-মেল আইডি নথিভুক্ত করে এজিএম-এর বিজ্ঞপ্তি সহ বার্ষিক ও ই-ভোটিং-এর জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড পেতে পারেন। ই-মেল আইডি নথিভুক্ত করার এবং ই-ভোটিং-এর ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করার বিস্তারিত পদ্ধতি এবং রিমোট ই-ভোটিং বা এজিএম-এর সময় ই-ভোটিং-এর বিস্তারিত পদ্ধতি জানতে সদস্যদের উপরোক্ত ওয়েবসাইটে গিয়ে এজিএম-এর বিজ্ঞপ্তি দেখার অনুরোধ করা হচ্ছে।

ভিসি / ওএভিএম-এর মাধ্যমে এজিএম-এ অংশগ্রহণ করার নির্দেশাবলী এজিএম-এর বিজ্ঞপ্তিতে পাওয়া যাবে।

খ) রিমোট ই-ভোটিং

বিজ্ঞপ্তিতে প্রস্তাবিত রেজোলিউশনের ব্যাপারে মতামত জানাতে কোম্পানীর সদস্যরা বৈদ্যুতিন মাধ্যমে ভোটদানের সুবিধা পাবে ও এই বৈদ্যুতিন মাধ্যমের সুবিধা সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস লিমিটেড (সিডিএসএল)-এর কাছ থেকে পাওয়া যাবে। ই-ভোটিং পদ্ধতির সূচনা হবে ২৬ সেপ্টেম্বর, ২০২০ সকাল ৯টা ও সমাপ্ত হবে ২৮ সেপ্টেম্বর, ২০২০, বিকাল ৫টায়। এই সময় ফিজিক্যাল বা ডিম্যাটেরিয়ালাইজড মাধ্যমে কাট-অফ / এনটাইটেলমেন্টের তারিখ ২২.০৯.২০২০-এর হিসাবে শেয়ারের অধিকারী কোম্পানীর শেয়ারহোল্ডাররা বৈদ্যুতিন মাধ্যমে ভোটদান করতে পারবেন। যেসব সদস্য বৈদ্যুতিন মাধ্যমে ভোট দেবেন না কিন্তু ভোট দেওয়ার যথাযথ ভোট দেওয়ার অধিকার আছে তারা এজিএম-এর সময় ই-ভোটিং-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। কোম্পানী এজিএম-এ ই-ভোটিং-এর যথাযথ ব্যবস্থা করবে।

যদি আপনার ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে সভা রিমোট ই-ভোটিং-এর ব্যাপারে কোনো প্রশ্ন / অভিযোগ থাকলে বা যেসব সদস্য এজিএম-এর বিজ্ঞপ্তি পাঠিয়ে দেওয়ার পর কোম্পানীর শেয়ার অর্জন করেছেন ও তার সাথে সাথে কাট-অফ তারিখের হিসাবে শেয়ারের অধিকারী তারা তাদের ডিপি আইডি, ক্লায়েন্ট আইডি / ফোলিও নম্বর ইত্যাদি উল্লেখ করে লগইন আইডি ও পাসওয়ার্ড সংগ্রহের জন্য ই-মেল করতে পারেন এই ই-মেল আইডিতে kolkata@mldgroup.in.

বোর্ড অফ ডিরেক্টরের আদেশানুসাকে
বাতেলি টী কোম্পানী লিমিটেড এর পক্ষে
স্বাক্ষর
অভিষেক সাউ
কোম্পানী সচিব

স্থান : কলকাতা
তারিখ : ২৮.০৮.২০২০

**MLD ডালমিয়া ল্যামিনেটরস লিমিটেড**

CIN NO : L51491WB1986PLC040284

রেজিস্টার্ড অফিস : ১৩০, কটন স্ট্রীট, কলকাতা - ৭০০০০৭

ফোন : ৯১ ৩৩ ৪০১৭ ৬৯০০, ই-মেল : kolkata@mldgroup.in, ওয়েবসাইট : www.mldalmiagroup.com

**৩৪তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি**

প্রিয় সদস্য,

ক) বার্ষিক সাধারণ সভা

এতদ্বারা জানানো হচ্ছে যে, কোম্পানীর সদস্যদের ৩৪তম বার্ষিক সাধারণ সভা (এ জি এম), মঙ্গলবার ২৯ সেপ্টেম্বর, ২০২০ সকাল ১০.৩০ টায় ২৮.০৮.২০২০ তারিখের এজিএম-এর বিজ্ঞপ্তিতে ঘোষিত ব্যবসায়িক কার্যকলাপ সম্পাদনের জন্য ভিডিও কনফারেন্সিং (ভিসি) বা অন্যান্য অডিও ভিস্যুয়াল মাধ্যম (ওএভিএম)-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। কর্পোরেট বিষয়ক মন্ত্রক ও সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) দ্বারা জারি সার্কুলার অনুযায়ী একটি নির্দিষ্ট জায়গায় সদস্যরা সরাসরি উপস্থিত না থেকে ভিসি / ওএভিএম-এর মাধ্যমে ৩৪তম এজিএম অনুষ্ঠিত করতে পারবেন।

৩৪তম এজিএম-এর বিজ্ঞপ্তি সহ বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী, ৩১.০৩.২০২০ তারিখে সমাপ্ত আর্থিক বছরের অডিটরের ও বোর্ড অফ ডিরেক্টরের প্রস্তুত করা রিপোর্ট (একত্রে বার্ষিক রিপোর্ট নামে উল্লেখ করা হচ্ছে) কোম্পানী / ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে নথিভুক্ত ই-মেল আইডিতে সদস্যদের পাঠানো হয়েছে। তবে যেসব সদস্য কোম্পানী / ডিপি-এর কাছে ই-মেল আইডি নথিভুক্ত করাননি তারা এজিএম-এর বিজ্ঞপ্তি ও বার্ষিক রিপোর্ট কোম্পানীর ওয়েবসাইট www.mldalmiagroup.com ও ক্যালকাটা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.cse-india.com থেকে ডাউনলোড করতে পারেন। কোম্পানী / ডিপি-এর কাছে যেসব সদস্যের ই-মেল আইডি নথিভুক্ত নেই তারা kolkata@mldgroup.in-এ ই-মেল করে ই-মেল আইডি নথিভুক্ত করে এজিএম-এর বিজ্ঞপ্তি সহ বার্ষিক ও ই-ভোটিং-এর জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড পেতে পারেন। ই-মেল আইডি নথিভুক্ত করার এবং ই-ভোটিং-এর ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করার বিস্তারিত পদ্ধতি এবং রিমোট ই-ভোটিং বা এজিএম-এর সময় ই-ভোটিং-এর বিস্তারিত পদ্ধতি জানতে সদস্যদের উপরোক্ত ওয়েবসাইটে গিয়ে এজিএম-এর বিজ্ঞপ্তি দেখার অনুরোধ করা হচ্ছে।

ভিসি / ওএভিএম-এর মাধ্যমে এজিএম-এ অংশগ্রহণ করার নির্দেশাবলী এজিএম-এর বিজ্ঞপ্তিতে পাওয়া যাবে।

খ) রিমোট ই-ভোটিং

বিজ্ঞপ্তিতে প্রস্তাবিত রেজোলিউশনের ব্যাপারে মতামত জানাতে কোম্পানীর সদস্যরা বৈদ্যুতিন মাধ্যমে ভোটদানের সুবিধা পাবে ও এই বৈদ্যুতিন মাধ্যমের সুবিধা সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস লিমিটেড (সিডিএসএল)-এর কাছ থেকে পাওয়া যাবে। ই-ভোটিং পদ্ধতির সূচনা হবে ২৬ সেপ্টেম্বর, ২০২০ সকাল ৯টা ও সমাপ্ত হবে ২৮ সেপ্টেম্বর, ২০২০, বিকাল ৫টায়। এই সময় ফিজিক্যাল বা ডিম্যাটেরিয়ালাইজড মাধ্যমে কাট-অফ / এনটাইটেলমেন্টের তারিখ ২২.০৯.২০২০-এর হিসাবে শেয়ারের অধিকারী কোম্পানীর শেয়ারহোল্ডাররা বৈদ্যুতিন মাধ্যমে ভোটদান করতে পারবেন। যেসব সদস্য বৈদ্যুতিন মাধ্যমে ভোট দেবেন না কিন্তু ভোট দেওয়ার যথাযথ ভোট দেওয়ার অধিকার আছে তারা এজিএম-এর সময় ই-ভোটিং-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। কোম্পানী এজিএম-এ ই-ভোটিং-এর যথাযথ ব্যবস্থা করবে।

যদি আপনার ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে সভা রিমোট ই-ভোটিং-এর ব্যাপারে কোনো প্রশ্ন / অভিযোগ থাকলে বা যেসব সদস্য এজিএম-এর বিজ্ঞপ্তি পাঠিয়ে দেওয়ার পর কোম্পানীর শেয়ার অর্জন করেছেন ও তার সাথে সাথে কাট-অফ তারিখের হিসাবে শেয়ারের অধিকারী তারা তাদের ডিপি আইডি, ক্লায়েন্ট আইডি / ফোলিও নম্বর ইত্যাদি উল্লেখ করে লগইন আইডি ও পাসওয়ার্ড সংগ্রহের জন্য ই-মেল করতে পারেন এই ই-মেল আইডিতে kolkata@mldgroup.in.

বোর্ড অফ ডিরেক্টরের আদেশানুসাকে
ডালমিয়া ল্যামিনেটরস লিমিটেড এর পক্ষে
স্বাক্ষর
গোবিন্দ আগরওয়াল
কোম্পানী সচিব

স্থান : কলকাতা
তারিখ : ২৮.০৮.২০২০

# পশ্চিম বর্ধমানে জমে উঠেছে দল বদলের নাটক

**রবীন্দ্রনাথ প্রামাণিক, আসানসোল :** ২০২১ সালের বিধানসভা নির্বাচন যত এগিয়ে আসছে পশ্চিম বর্ধমানেও ততই দলবদলের রাজনীতি জোরালো হয়ে উঠছে। সব রাজনৈতিক দলই নিজেদের ক্ষমতা অনুসারে ঘর গোছাতে ব্যস্ত হয়ে পড়েছে। অন্যান্য রাজনৈতিক দলকে পেছনে ফেলে সামনের সারিতে রয়েছে তৃণমূল ও বিজেপি। রাজ্য ও জেলায় লকডাউন পর্যায়ের আগে থেকে 'দিদিকে বলো' কর্মসূচির মাধ্যমে তৃণমূল যেমন জনভিত্তি সুদৃঢ় করতে চেয়েছিল, তেমনই ৭ আগস্ট থেকে রাজ্যে সদস্য সংগ্রহ অভিযানে নেমেছে বিজেপি। এবার তাদের ৩ কোটি সদস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা। ফলে প্রতিদিনই ২ রাজনৈতিক দলের পক্ষ থেকে দল বদলের খেলা চলছে। রবিবার কুলটিতে তৃণমূলের কর্মীসভায় স্থানীয় পুরপিতা না আসায় বিধায়ক ক্ষুব্ধ। অন্যদিকে, বিজেপির জেলা সভাপতি লক্ষ্মণ ঘড়ুই দাবি করেছেন, ৩০ আগস্ট আসানসোল পুরনিগমের ৫৬নং ওয়ার্ড তথা রাধানগর নীচুপাড়া অঞ্চলে বিজেপির কর্মীসভায় ২৭জন যুবক তৃণমূল ছেড়ে বিজেপিতে এসেছেন। এরপর আসানসোলের মহানাগরিক তথা পাণ্ডবেশ্বরের বিধায়ক জিতেন্দ্র তিওয়ারি এ নিয়ে কটাক্ষ করে বলেন, 'বিজেপি এখন এই নাটক সারা বাংলা জুড়েই শুরু করেছে। আসলে লকডাউনের সময় রাজ্যের মুখ্যমন্ত্রী সাধারণ মানুষের জন্যে যেভাবে কাজ করেছেন, তাতে বিজেপি জনভিত্তি হারিয়েছে। তাই তাদের নিজেদেরই নতুন করে বিজেপিতে যোগ দিয়ে আস্থা ফিরে পেতে হচ্ছে। এবার আমাদের দেখতে হবে মুকুল রায়, বাবুল সুপ্রিয়রা নতুন করে কবে আবার বিজেপিতে যোগ দেন। অথবা কৈলাস বিজয়বর্গী, দিলীপ ঘোষরা নতুন করে বিজেপিতে যোগ দিয়ে তাঁদের দলীয় পদ ফিরে পাচ্ছেন।'



ছবি : **জয়ন্ত সাহা**